

💵 দ্বীনী প্রশ্নোত্তর

বিভাগ/অধ্যায়ঃ হজ্জ ও উমরা রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

কিছু হাজী আছে, যারা হজ্জ সফরে বিড়ি সিগারেট খেতে ছাড়ে না, গাড়িতে বসে জগান বাজনা শোনা বর্জন করে না। এদের ব্যাপারে শরীয়তের নির্দেশ কি?

এরা হল পাপাচারী। আর মহান আল্লাহ বলেছেন, "সুবিদিত মাসে (যথাঃ শওয়াল, জিলরুদ ও যিলহজ্জে) হজ্জ হয়। সুতরাং যে কেউ মাসগুলিতে হজ্জ করার সংকল্প করে, সে যেন হজ্জের সময় স্ত্রী সহবাস (কোন প্রকার যৌনাচার), কোন পাপ কাজ এবং কোন প্রকার ঝগড়া বিবাদ না করে।"(বাকারাহঃ ১৯৭) কিন্তু যদি ইবাদতের সফরেও হারামখোরির মাধ্যমে পাপাচার বর্জন না করতে পারে, তাহলে তাদের প্রতি আক্ষেপ প্রকাশ ছাড়া বলার আর কি থাকতে পারে? ৪৩৯ (ইবনে উষাইমীন)

• Source — https://www.hadithbd.com/books/link/?id=346

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন